

🗏 वान-तूययास्त्रन | Al-Muzzammil | ٱلْمُزَّمِّل

আয়াতঃ ৭৩: ১৪

💵 আরবি মূল আয়াত:

يُومَ تَرجُفُ الأرضُ وَ الجِبَالُ وَ كَانَتِ الجِبَالُ كَثِيبًا مَّهِيلًا ﴿١٢﴾

যেদিন যমীন ও পর্বতমালা প্রকম্পিত হবে এবং পাহাড়গুলো চলমান বালুকারাশিতে পরিণত হবে। — আল-বায়ান (এসব শাস্তি দেয়া হবে) যেদিন যমীন আর পাহাড়গুলো কেঁপে উঠবে, আর পাহাড়গুলো হবে চলমান বালুকারাশি। — তাইসিক্ল

সেই দিনে পৃথিবী ও পর্বতমালা প্রকম্পিত হবে এবং পর্বতসমূহ বহমান বালুকারাশিতে পরিণত হবে। — মুজিবুর রহমান

On the Day the earth and the mountains will convulse and the mountains will become a heap of sand pouring down. — Sahih International

১৪. সেদিন যমীন ও পর্বতমালা প্রকম্পিত হবে এবং পর্বতসমূহ বিক্ষিপ্ত বহমান বালুকারাশিতে পরিণত হবে।(১)

(১) সে সময় অতি শক্ত-মজবুত পাহাড়সমূহ দূর্বল হয়ে পড়বে, তাই প্রথমে তা মিহি বিক্ষিপ্ত বালুর স্তুপে পরিণত হবে। অতঃপর বালুর এ স্তুপ বিক্ষিপ্ত হয়ে উড়ে যাবে। [সা'দী] এরপর গোটা ভূপৃষ্ঠ একটা বিশাল প্রান্তরে রূপান্তরিত হবে। এ অবস্থার একটি চিত্র অন্যত্র এভাবে তুলে ধরা হয়েছে যে, "লোকেরা আপনাকে এসব পাহাড়ের অবস্থা কি হবে সে সম্পর্কে জিজ্ঞেস করে। আপনি বলুন, আমার রব পাহাড়সমূহকে ধুলির মত করে ওড়াবেন এবং ভূপৃষ্ঠকে এমন সমতল বিশাল প্রান্তরে রূপান্তরিত করবেন যে, তুমি সেখানে উঁচু নীচু বা ভাঁজ দেখতে পাবে না।" [সূরা ত্বা-হা: ১০৫–১০৭]

তাফসীরে জাকারিয়া

- (১৪) যেদিন পৃথিবী ও পর্বতমালা প্রকম্পিত হবে এবং পর্বতসমূহ বহমান বালুকারাশিতে পরিণত হবে।[1]
 - [1] অর্থাৎ, এই আযাব সেই দিন হবে যেদিন যমীন এবং পাহাড় ভূমিকম্পে উলট-পালট হয়ে যাবে। আর অতীব বিশাল ভয়ঙ্কর পাহাড়-পর্বত সেদিন অসার বালুর স্তূপে পরিণত হবে। كَثِيْبُ वालिর ঢিপি। كَثِيْبُ صَافَ عَهِيْلًا (ভুরভুরে) বালি, যা পায়ের নিচে থেকে সরে যায়।

তাফসীরে আহসানুল বায়ান



🛊 hadithbd.com — কুরআন — আল-মুযযান্মিল। Al-Muzzammil اَلْمُزَّمِلَ

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5489

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন